

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫. ১৭২ ১৩১.০১.০২১.২০১১- ২য় খন্ড-১৯৩

তারিখঃ ১৬.০৪.২০১৪ খ্রিঃ

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বীকৃত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “কমিউনিকেশন ডিজিস কন্ট্রোল (কোড নং-৫-২৭১১-৫১০০)” শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ৩য় কিস্তির অর্থছাড় সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “কমিউনিকেশন ডিজিস কন্ট্রোল (কোড নং-৫-২৭১১-৫১০০)” শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে ৩য় কিস্তি বাবদ ১২৫০.০০ লক্ষ (বার কোটি পঞ্চাশ লক্ষ) (রাজস্ব ব্যয় ১২১২.৫০ লক্ষ + মূলধন ব্যয় ৩৭.৫০) টাকার সরকারী মঞ্জুরী জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছি। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “কমিউনিকেশন ডিজিস কন্ট্রোল (কোড নং-৫-২৭১১-৫১০০)” শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।

০২। অপারেশনাল প্লানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক সরকারী সকল আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক এই অর্থ ব্যয় করতে হবে।

০৩। লাইন ডাইরেক্টর কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেটে নির্ধারিত সময়ের মধ্যে ব্যয়ের হিসাব, চুক্তি ও ব্যয়ের সমর্থনে অন্যান্য দলিলপত্রসহ প্রকৃত ব্যয়ের রিপোর্ট (ফিন্যান্সিয়াল মনিটরিং রিপোর্ট) মন্ত্রণালয়ের এফ,এম,এ,ইউ-তে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৪। এ আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ১৩.০৪.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.২৯.২০১২-১৪৫ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতিক্রমে নিম্নোক্ত শর্তে জারী করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০১৪ তারিখের মধ্যে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;

(গ) ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণের পূর্বেই ছাড়কৃত অর্থের পূর্ণভরণ দাবী অবিলম্বে পেশসহ পূর্ণভরণ নিশ্চিত করতে হবে; এবং

(ঘ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২০১৪

(সালমা সিদ্দিকা মাহতাব)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd


অপর পৃষ্ঠা দৃষ্টব্য

নং-৪৫. ১৭২ ১৩১..০১.০২১.২০১১- ২য় খন্ড-১৯৩/১(৯)

তারিখঃ ১৬.০৪.২০১৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৩। লাইন ডাইরেক্টর, কমিউনিকেশন ডিজিটাল কন্ট্রোল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৮। যুগ্মসচিব আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।



(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব

